

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০০২.০২২.১৭-৪৬১

তারিখঃ ২৮ ভাদ্র ১৪২৬ ব .
১২ সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ কোনামালখা আমেনা দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান (ইনডেক্স নং-৩২৫৭১৪) বিগত নভেম্বর ২০১৬ হতে এপ্রিল ২০১৯ ইং পর্যন্ত ৩০ (ত্রিশ) মাস একটানাভাবে মাদ্রাসায় অনুপস্থিত থাকা, হাজিরা খাতায় সই না করা, ক্লাস না করা এবং ঐ সময়ে কয়েকবার ব্যক্তিগত কাজে বিদেশ যাতায়াত করার বিষয়ে তথ্য প্রমাণক বিহীন অভিযোগ সচিব মহোদয় বরাবর দাখিল করার কারণ ব্যাখ্যাকরণ সংক্রান্ত।

সূত্রঃ সুপার. কোনামালখা আমেনা দাখিল মাদ্রাসা, মেলান্দহ, জামালপুর এর স্মারক নং- কোনা:/আ:/দা:/মা:/১০৭, তারিখ: ২৩/৭/২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন কোনামালখা আমেনা দাখিল মাদ্রাসার সুপার কর্তৃক উক্ত প্রতিষ্ঠানের সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান (ইনডেক্স নং-৩২৫৭১৪) এর বিরুদ্ধে বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ করে আবেদন দাখিল করা হয়েছে। উক্ত আবেদনের সারসংক্ষেপ নিম্নরূপ-

২। সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান গত ২১/১২/১৯৮৬ ইং তারিখে কোনামালখা আমেনা দাখিল মাদ্রাসায় যোগদান করেন এবং ০১/৬/১৯৮৭ তারিখে এমপিওভুক্ত হন। এমপিওভুক্তির মাত্র নয় মাস পরে প্রতারণা ও জাল অর্ডার তৈরীর মাধ্যমে তিনি প্রথম টাইম স্কেল গ্রহণ করেন এবং বেতন উত্তোলন করতে থাকেন। তিনি (জনাব মো: শফিকুর রহমান) ০১/৩/১৯৮৮ হতে ৩১/৫/১৯৯০ পর্যন্ত (২৭ মাস) অতিরিক্ত ৭৫৪০/- টাকা উত্তোলন করেন। যা পরবর্তীতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অডিটের ধরা পড়ে এবং পরবর্তীতে বহুদিন দরবারের পরে উক্ত অর্থ ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়।

৩। অতঃপর চাকুরী ০৮ বৎসর হওয়ায় জনাব মো: শফিকুর রহমানের অনুনয় বিনয়ের কারণে ম্যানেজিং কমিটি কর্তৃক তার অতীত প্রতারণা ও জালিয়াতি ভবিষ্যতে সংশোধনের জন্য মৌখিক আলোচনার মাধ্যমে বিগত ০১/৫/১৯৯৭ ইং তারিখে প্রথম বৈধ টাইম স্কেল (১১ কোড হতে ১০ নং কোডে) প্রদান করা হয়।

৪। বৈধভাবে প্রথম টাইম স্কেল পেতে থাকা অবস্থায় উক্ত শিক্ষক (জনাব মো: শফিকুর রহমান) পুনরায় দ্বিতীয়বার প্রতারণা ও অধিদপ্তরের অর্ডার জালকরণের মাধ্যমে দ্বিতীয় টাইমস্কেল (১০ হতে ৯ নং কোড) গ্রহণ করেন। এর পরবর্তীতে ০১/৩/২০০৮ হতে ৩১/১০/১২ পর্যন্ত অতিরিক্ত গৃহীত ১৪৭৭১৬/- টাকা সরকারী কোষাগারে ট্রেজারী চালানোর মাধ্যমে জমা দেয়ার জন্য মাউশিঅ হতে ২৪/১২/২০১৩ তারিখে ৯৫০৯/৫ সংখ্যক স্মারকে পত্র জারি করা হয়। ফলে উক্ত স্মারকের বিরুদ্ধে জনাব মো: শফিকুর রহমান কর্তৃক রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ দায়ের করা হয়।

৫। সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান (ইনডেক্স নং-৩২৫৭১৪)-এর বিরুদ্ধে ১২টি অভিযোগের প্রেক্ষিতে প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির ২০/১০/১৬ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী তাকে সাময়িক বরখাস্ত করা হয়। সাময়িক বরখাস্তের পর বিগত নভেম্বর ২০১৬ হতে এপ্রিল ২০১৯ ইং পর্যন্ত ৩০ (ত্রিশ) মাস একটানাভাবে মাদ্রাসায় আসা বন্ধ করে দেন, হাজিরা খাতায় স্বাক্ষর করেননি এবং ঐ সময়ে কোন বিল গ্রহণ করেননি। ঐ সময়ে কয়েকবার ব্যক্তিগত কাজে বিদেশে ভ্রমণ করে বেড়ান।

৬। একইপত্রে শিক্ষা মন্ত্রণালয়, মাউশিঅ এবং সংস্থাপন মন্ত্রণালয়ের কতিপয় স্মারক নং উল্লেখ করে বলা হয়েছে যে, উক্ত স্মারকসমূহে নিয়ম ভঙ্গকারী শিক্ষক এর বিষয় কঠোর ব্যবস্থা নেয়ার জন্য মাদ্রাসার সুপার এবং সংশ্লিষ্ট সকলকে আদেশ প্রদান করা হয়েছে। তাছাড়া মাদ্রাসার কোন আয় নাই এবং গচ্ছিত কোন অর্থ নাই কাজেই বাদীর দীর্ঘ ৩০ মাস অনুপস্থিত সময়ের বকেয়া বেতন-ভাতার দায়িত্ব হতে মাদ্রাসার সুপার ও সভাপতিকে হারানামূলক দায়ী করা হতে অব্যাহতি প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। সবশেষে বিষয়টি সরেজমিনে তদন্তকরত: সত্য উদঘাটনের জন্য সুপার কর্তৃক সচিব, টিএমইডি-কে অনুরোধ জানানো হয়েছে।

৭। এখানে উল্লেখ্য যে, কোনামালখা আমেনা দাখিল মাদ্রাসার সুপার কর্তৃক দাখিলকৃত আবেদনে সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান (ইনডেক্স নং-৩২৫৭১৪) এর বিরুদ্ধে আনীত অভিযোগের সমর্থনে কোন প্রমাণক দাখিল করা হয়নি, ফলে আনীত অভিযোগগুলোর সত্যতা সন্দেহযুক্ত এবং অতিরঞ্জিত মর্মে প্রতীয়মান হয়।

৮। এমতাবস্থায়, কোনামালখা আমেনা দাখিল মাদ্রাসার সুপার কর্তৃক সূত্রমূলে দাখিলকৃত আবেদনে সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান (ইনডেক্স নং-৩২৫৭১৪) এর বিরুদ্ধে আনীত অভিযোগের সমর্থনে কোন প্রমাণক দাখিল না করায় আনীত অভিযোগগুলোর সত্যতা সন্দেহযুক্ত এবং অতিরঞ্জিত মর্মে প্রতীয়মান হয়। এ ধরনের সন্দেহযুক্ত এবং অতিরঞ্জিত (প্রমাণক বিহীন) অভিযোগ সচিব বরাবর দাখিলের কারণ ব্যাখ্যাক্রমে আগামি ৩০/৯/২০১৯ তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক সিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

সুপারিনটেনডেন্ট
কোনামালখা আমেনা দাখিল মাদ্রাসা
ডাকঘর- হাজারাবাড়ী, উপজেলা-মেলান্দহ
জেলা- জামালপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩, ৩৭/৩/০, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৬। অফিস কপি/মাস্টার কপি।